রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ১৭, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১০৬-আইন/২০১৮।**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পাবনা জেলার সুজানগর পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে সুজানগর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্দ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথাঃ—

**তফসিল**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল নং | দাগ নং |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | ভায়না | মথুরাপুর সীট নং-১ | ১৭ | ১—৭৪৯ |
| ২। | ভায়না | মথুরাপুর সীট নং-২ | ১৭ | ৭৫০—১৩৬০ |
| ৩। | ভায়না | নারায়নপুর সীট নং-১ | ৩৪ | ১—৬৯৪ |
| ৪। | ভায়না | নারায়নপুর সীট নং-২ | ৩৪ | ১০০২—১৩০৪ |



মূল্য : টাকা ৪.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | ভায়না | বলরামপুর | ২০ | ১২৬—২৮৪ |
| ৬। | ভায়না | কৃষ্ণপুর | ৩৩ | ১—৭৯৯ |

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরি-উক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপে উত্থাপিত আপত্তি তিন মাসের মধ্যে নিষ্পন্ন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd